অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/8/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কের বনভূমির সুরক্ষায় 1.35 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকার ঘোষণা করলেন

ভূমি ট্রাস্টের জন্য বন সংরক্ষণ ইজমেন্ট অনুদান কর্মসূচির মাধ্যমে তহবিল উপলভ্য

নিউ ইয়র্কের বনভূমি সুরক্ষিত রাখতে এবং গভর্নরের সংরক্ষণ লক্ষ্যকে অগ্রসর করতে বিনিয়োগটি অংশীদারিত্বকে গ্যালভানাইজ করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্কের বনভূমিকে সুরক্ষা প্রদান করার জন্য এখন 1.35 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য রয়েছে। ভূমি ট্রাস্টের জন্য বন সংরক্ষণ ইজমেন্ট (Forest Conservation Easements for Land Trusts, FCELT) অনুদান কর্মসূচি যোগ্য, স্বীকৃত ভূমি ট্রাস্টসমূহকে নিউ ইয়র্ক স্টেটের বনজ ভূমিতে সংরক্ষণ ইজমেন্ট ক্রয় করতে 350,000 মার্কিন ডলার পর্যন্ত পাওয়ার জন্য আবেদন করার সুযোগ প্রদান করে যার উদ্দেশ্য হলো এইসব ভূমিকে সুরক্ষা প্রদান করা এবং তাদের অগণিত অর্থনৈতিক ও পরিবেশ সংক্রান্ত সুবিধা অনুধাবন করা।

"বন সংরক্ষণে বিনিয়োগ নিউ ইয়র্ককে 2030 সালের মধ্যে স্টেটের ভূমি ও পানির 30 শতাংশের সুরক্ষা প্রদান করার আমাদের সাহসী লক্ষ্যের আরো কাছে নিয়ে যাবে, যার ফলাফল হিসেবে বন্যপ্রাণীর আবাসস্থল সুরক্ষিত, জীববৈচিত্র্য সংরক্ষিত হবে, বাতাস ও পানির মান সুরক্ষিত থাকবে, এবং যা জলবায়ু পরিবর্তনের প্রভাবের মোকাবেলা করতে সাহায্য করবে," **গভর্নর হোকল বলেন।** "অত্যাবশ্যকীয় বনজ প্রজাতির আবাসস্থল রক্ষা করার জন্য এবং আমাদের উন্মুক্ত স্থান সুরক্ষা লক্ষ্য অগ্রসর করার জন্য এইসব সরকারি-বেসরকারি অংশীদারিত্ব সমর্থন করা অতি গুরুত্বপূর্ণ।"

জলবায়ু পরিবর্তনের মোকাবেলায় সাহায্য করাসহ বনভূমি যেই অত্যাবশ্যকীয় ইকোসিস্টেম সেবা প্রদান করে তা সুরক্ষিত রাখতে বনভূমি সংরক্ষণ করার গতি বৃদ্ধি ইকোর্টে ভূমি ট্রাস্টের জন্য বন সংরক্ষণ ইজমেন্ট অনুদান সাহায্য করবে। স্টেটের পরিবেশন সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) সাথে সমন্বয় করে ভূমি ট্রাস্ট জোট (Land Trust Alliance) দ্বারা এই অনুদানসমূহ পরিচালিত হবে। স্টেটের এনভায়রনমেন্টাল প্রোটেকশন ফান্ড (Environmental Protection Fund, EPF) এই অনুদান কর্মসূচির জন্য তহবিল প্রদান করেছে, ফান্ডটি হলো ভূমি অধিগ্রহণ, কৃষিজমির সুরক্ষা, আক্রমণাত্মক প্রজাতির প্রতিরোধ ও নির্মূলীকরণ, বিনোদনমূলক সুযোগ, পানির মান উন্নয়ন, এবং পরিবেশগত

ন্যায়বিচার সুরক্ষিত রাখার মতো পরিবেশ সংক্রান্ত কর্মসূচিসমূহের একটি অতি গুরুত্বপূর্ণ সংস্থান। গভর্নরের অর্থবছর 2025 নির্বাহী বাজেটে EPF এর তহবিলকে 400 মিলিয়ন মার্কিন ডলারে বহাল রাখা হয়েছে, যা কর্মসূচির ইতিহাসে সর্বোচ্চ মাত্রার তহবিল।

পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "আমাদের জলবায়ু লক্ষ্য অর্জন করার জন্য এবং বাতাস ও পানির মান নিরাপদ রাখার জন্য নিউ ইয়র্কের বনকে সুরক্ষিত রক্ষা মুখ্য, এবং আমরা যখন আমাদের বন সংরক্ষণ লক্ষ্য অর্জনের জন্য অংশীদারিত্বকে অগ্রসর করছি তখন গভর্নর প্রদত্ত এই 1.35 মিলিয়ন মার্কিন ডলার ভূমি ট্রাস্টসমূহকে প্রত্যক্ষ সমর্থন প্রদান করবে। সকল যোগ্য ভূমি ট্রাস্টকে আবেদন করার জন্য এবং স্টেটের ভূমি সুরক্ষা কৌশল অগ্রসর করার জন্য আমরা উৎসাহিত করছি।"

ভূমি ট্রাস্ট স্বীকৃতি কমিশন কর্তৃক স্বীকৃতি প্রাপ্ত ভূমি ট্রাস্টসমূহই কেবল আবেদন করতে পারবে। 25 শতাংশ ম্যাচ আবশ্যিক। আগ্রহী আবেদনকারীদেরকে অবশ্যই প্রাক আবেদন প্রক্রিয়ার অংশ হিসেবে 10 মে, 2024 তারিখের মধ্যে তাদের প্রস্তাবিত প্রকল্পের একটি ওভারভিউ জমা দিতে হবে। শুধু আমন্ত্রণ পেলেই পূর্ণাঙ্গ আবেদন জমা দেওয়া যাবে এবং যারা আমন্ত্রণ পাবে তাদেরকে 14 জুন, 2024 তারিখের মধ্যে তা জানানো হবে। FCELT অনুদানের মাধ্যমে নির্বাচিত প্রকল্পসমূহকে নিউ ইয়র্ক স্টেট উন্মুক্ত স্থান পরিকল্পনা (New York State Open Space Plan), নিউ ইয়র্ক স্টেট বন্যপ্রাণী কর্মপরিকল্পনা (New York State Wildlife Action Plan), নিউ ইয়র্ক স্টেট বন কর্মপরিকল্পনা (New York State Forest Action Plan), এবং/অথবা অন্যান্য স্থানীয়, আঞ্চলিক, বা স্টেটব্যাপী কোনো ভূমি সুরক্ষা পরিকল্পনায় সনাক্ত করা লক্ষ্য এবং/অথবা কৌশলকে অগ্রসর করতে হবে। FCELT ওয়েবপেজে এই অনুদান সুযোগ সম্পর্কে সম্পূর্ণ বিস্তারিত পাওয়া যাবে।

ভূমি ট্রাস্ট জোট নিউ ইয়র্কের কর্মসূচি ব্যবস্থাপক জেমি ব্রাউন বলেন, "আমাদের স্টেটের বন সুরক্ষিত রাখার প্রতি এই প্রতিশ্রুতির জন্য নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগ, গভর্নর হোকল, এবং আইনসভাকে ধন্যবাদ। নিউ ইয়র্কের ভূমি ট্রাস্ট সম্প্রদায় এই অংশীদারিত্বের জন্য কৃতজ্ঞ এবং ভূমি যাতে সকল নিউ ইয়র্কবাসীকে লাভবান করা অব্যাহত রাখতে পারে তার জন্য আমাদের মূল্যবান বনভূমির সুরক্ষা ও যত্নের ব্যাপারে কাজ অব্যাহত রাখতে উন্মুখ।"

আজকে ঘোষিত অনুদানের সুযোগ সফল অংশীদারিত্বের মাধ্যমে উন্মুক্ত স্থান সুরক্ষিত করার জন্য নিউ ইয়র্কের চলমান প্রয়াসের অনুবর্তী। গত সপ্তাহে, গভর্নর হোকল দুইটি সংরক্ষণ ইজমেন্ট এবং নেচার কনজারভেন্সির সাথে নেওয়া একটি গবেষণা কনসোর্টিয়ামের উদ্যোগের মাধ্যমে অ্যাডিরন্ড্যাকের 14,600 একরের বেশি ইকোলজিক্যালি বিরল ও সাংস্কৃতিকভাবে গুরুত্বপূর্ণ প্রাকৃতিক সংস্থানকে স্থায়ীভাবে সুরক্ষা প্রদান করার জন্য একটি ঐতিহাসিক চুক্তি ঘোষণা করেন। সরকারি-বেসরকারি গবেষণা কনসোর্টিয়ামটি ফলেন্সবাই পন্ডে একটি বৈশ্বিকভাবে বিরল ইকোসিস্টেমের বৈজ্ঞানিক গবেষণায় পথনির্দেশনা প্রদান করবে, এবং সংরক্ষণ ইজমেন্ট র্যাকেট রিভার ওয়াটারশেডে নতুন সরকারি বিনোদনমূলক সুযোগ প্রদান করবে।

ভূমি ট্রাস্ট জোট সম্পর্কে

1982 সালে প্রতিষ্ঠিত ভূমি ট্রাস্ট জোট হলো একটি জাতীয় ভূমি সংরক্ষণ সংগঠন যা আমেরিকাজুড়ে ভূমির সংরক্ষণকে জোরদার করার মাধ্যমে মানুষের প্রয়োজনীয় ও প্রিয় স্থানগুলিকে রক্ষা করতে কাজ করে। জোটটি দেশব্যাপী 950 এর বেশি সদস্য ভূমি ট্রাস্ট এবং তাদের 6.4 মিলিয়ন সমর্থকদের প্রতিনিধিত্ব করে। জোটটির ওয়াশিংটন ডিসি ভিত্তিক এবং এটি একাধিক আঞ্চলিক অফিসে কর্মকাণ্ড পরিচালনা করে। আরো তথ্যের জন্য ভূমি ট্রাস্ট জোট ওয়েবসাইটটি ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন